

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
www.molwa.gov.bd

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০২(বা).০৪৯.০০২.১৬- ২৭৬


তারিখ: ০৬ আষাঢ় ১৪২৪
২০ জুন ২০১৭

বিষয়: ন্যাপ-কমিউনিষ্ট পার্টি-ছাত্র ইউনিয়ন, বিশেষ গেরিলা বাহিনী ও মুক্তিযোদ্ধাদের রাষ্ট্রীয় সম্মানী ভাতা চালুকরণ।

সূত্র: প্রকৌশলী মুহম্মদ হিলাল উদ্দিন, সদস্য, কেন্দ্রীয় সমন্বয় পরিষদ, ১৯৭১ সনের ন্যাপ-কমিউনিষ্ট পার্টি-ছাত্র-ইউনিয়ন, বিশেষ গেরিলা মুক্তিযোদ্ধা বাহিনীর কেন্দ্রীয় সমন্বয় পরিষদ-এর আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ন্যাপ-কমিউনিষ্ট পার্টি-ছাত্র ইউনিয়ন, বিশেষ গেরিলা বাহিনীর ও মুক্তিযোদ্ধাদের, ২৩৬৭ জন মুক্তিযোদ্ধার গেজেট মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০০৪.৭৫.১০৫(অংশ-২)২০১২-১৪৮৮, তাং ২৯/১০/২০১৪ মোতাবেক ০৫/১১/২০১৪ তারিখের প্রকাশিত গেজেটের মাধ্যমে বাতিল করা হয়। উক্ত গেজেট বাতিলের প্রজ্ঞাপনের বিরুদ্ধে জনাব পংকজ ভট্টাচার্য মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন ১২০৪২/২০১৪ দায়ের করেন। উক্ত মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ গত ৮/৯/২০১৬ তারিখের ন্যাপ-কমিউনিষ্ট পার্টি-ছাত্র ইউনিয়ন, বিশেষ গেরিলা বাহিনী ও মুক্তিযোদ্ধাদের গেজেট বাতিলের প্রজ্ঞাপনটি বেআইনী ও অকার্যকর ঘোষণা করেন এবং তাঁদেরকে মুক্তিযোদ্ধা হিসেবে স্বীকৃতি ও অন্যান্য সকল সুযোগ-সুবিধা প্রদানের আদেশ প্রদান করেন। রিট পিটিশন ১২০৪২/১৪ এর মহামান্য হাইকোর্ট বিভাগের রায়ের বিরুদ্ধে সরকারপক্ষে সিভিল পিটিশন ফর লীড টু আপীল নং ৩৮৪৬/২০১৬ দায়ের করা হয়। উক্ত মামলায় মহামান্য আপীল বিভাগ গত ০৩/০১/২০১৭ তারিখের আদেশে মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ বহাল রাখেন।

০২। বর্ণিত অবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন ১২০৪২/১৪ ও সিভিল পিটিশন ফর লীড টু আপীল নং ৩৮৪৬/২০১৬ এ মহামান্য আদালতের রায় ও আদেশের প্রেক্ষিতে ন্যাপ কমিউনিষ্ট পার্টি-ছাত্র ইউনিয়ন, বিশেষ গেরিলা বাহিনীর গেজেটভুক্ত মুক্তিযোদ্ধাদের অনুকূলে মুক্তিযোদ্ধা রাষ্ট্রীয় সম্মানী ভাতা বিধি মোতাবেক চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মোঃ নজরুল ইসলাম)

উপসচিব

ফোন: ৯৫৫০১৩৩

dsbudget@molwa.gov.bd

জেলা প্রশাসক (সকল)

জেলা:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। যুগ্মসচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (উল্লিখিত পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা-, জেলা-
- ৫। অফিস কপি।